গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বিষয়: **জিটিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কার্যক্রমের আগস্ট, ২০২২ মাস পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | : | ২৭-০৯-২০২২ |
| সভার সময় | : | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | : | কনফারেন্স রুম, লেভেল-৫, জিটিসিএল প্রধান কার্যালয়। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত।

১.০। আলোচনা:

১.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তাঁর প্রারম্ভিক বক্তব্যে ২০২১-২০২২ অর্থ বছরের স্বাক্ষরিত এপিএ চুক্তির কোন কোন ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি ও কী কারণে তা অর্জন করা সম্ভব হয়নি বিশদভাবে পর্যালোচনাপূর্বক ২০২২-২০২৩ অর্থ বছরের স্বাক্ষরিত এপিএ চুক্তির শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেন।

১.২। এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) সভায় অবহিত করেন যে, গত ২০২১-২০২২ অর্থ বছরের স্বাক্ষরিত এপিএ'র বার্ষিক মূল্যায়নে প্রাপ্ত চূড়ান্ত নম্বর ৯৮.২৩। কর্মসম্পাদনের ক্ষেত্রে নদী ক্রসিং (এইচডিডি পদ্ধতিতে)-এর কর্মসম্পাদন সূচকের মান ৪ এর বিপরীতে অর্জিত স্কোর ২.৮। অপরদিকে, সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নের কর্মসম্পাদন সূচকের মান ৩ এর বিপরীতে অর্জিত স্কোর ২.৭৯ এবং তথ্য অধিকার লক্ষ্যমাত্রা চুক্তির কর্মপরিকল্পনা বাস্তবায়নের কর্মসম্পাদন সূচকের মান ৩ এর বিপরীতে অর্জিত স্কোর ২.৯৬। তিনি বর্ণিত কর্মসম্পাদন ক্ষেত্রসমূহের লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণসমূহ উল্লেখ করেন এবং ২০২২-২০২৩ অর্থ বছরের স্বাক্ষরিত এপিএ চুক্তির শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

১.৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এপিএ চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সকল ডিভিশন প্রধানগণকে সংশ্লিষ্ট কর্মসম্পাদন ক্ষেত্র এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রা, লক্ষ্যমাত্রা অর্জনের পরিকল্পনা, অগ্রগতি ও প্রমাণকের বিষয়সমূহ নিবিড়ভাবে মনিটরিং এর উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন এবং এ বিষয়ে মন্ত্রণালয় ও পেট্রোবাংলার এতদসংক্রান্ত অফিস আদেশ অনুসরণের নির্দেশনা প্রদান করেন।

১.৪। এপিএ টিমের ফোকাল পয়েন্ট তার বক্তব্যে ২০২২-২০২৩ অর্থ বছরের স্বাক্ষরিত এপিএ চুক্তির আগস্ট ২০২২ পর্যন্ত অগ্রগতি উপস্থাপন করেন। কর্মসম্পাদন ক্ষেত্রের নদী ক্রসিং (এইচডিডি পদ্ধতিতে) ৪ টি এর বিপরীতে ১ টি ইতোমধ্যে অর্জিত হয়েছে ও গ্যাস পাইপলাইন সম্প্রসারণের লক্ষ্যমাত্রা অর্জিত হবে মর্মে আশা প্রকাশ করেন।

১.৫। ভৌত অবকাঠামো নির্মাণ-সংক্রান্ত ৪টি কাজের বিষয়ে উপ-মহাব্যবস্থাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং) সভায় জানান যে, ভৌত অবকাঠামো নির্মাণ সংক্রান্ত ৪টি কাজ চলমান আছে ও লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

১.৬। ফোকাল পয়েন্ট, এপিএ টিম জিটিসিএল-এর নেটওয়ার্কের মাধ্যমে বিতরণ কোম্পানির কাছে গ্যাস সরবরাহের লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে সভায় জানান যে, এলএনজি আমদানি হ্রাস ও দেশীয় উৎসের উৎপাদন হ্রাস পাওয়ায় গ্যাস সরবরাহের লক্ষ্যমাত্রা ১০% হ্রাস করে ৮৭০ বিসিএফ এর স্থলে ৭৮৩ বিসিএফ নির্ধারণের প্রস্তাব পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।

১.৭। উপ-মহাব্যবস্থাপক (অর্থ) রাজস্ব সংগ্রহ কার্যক্রমের অগ্রগতি প্রসঙ্গে সভায় অবহিত করেন যে, গ্যাস সঞ্চালনের লক্ষ্যমাত্রা হ্রাস হলেও হুইলিং চার্জ কিছুটা বৃদ্ধি পাওয়ায় এপিএ রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

১.৮। মহাব্যবস্থাপক (ইএসডি) মহোদয় সভায় অবহিত করেন যে, আগামী শুষ্ক মৌসুমে জানুয়ারি- ফেব্রুয়ারি মাসে ভূ-উপরিস্থ পাইপলাইন ও স্থাপনাসমূহের রংকরনের কাজ করা হবে।

১.৯। জনবল প্রশিক্ষণ, অভ্যন্তরীণ শিখন সেশন ও জনবল নিয়োগ সংক্রান্ত লক্ষ্যমাত্রা ও অর্জনের বিষয়ে মহাব্যবস্থাপক(এইচআর)সভায় জানান যে, জনবল প্রশিক্ষণ প্রদান লক্ষ্যমাত্রা বাজেট হ্রাসকরণের জন্য ১০% কমিয়ে লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণের প্রস্তাব পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে এবং জনবল নিয়োগের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবেমর্মে আশা প্রকাশ করেন।

১.১০। এ পর্যায়ে সুশাসন ও সংস্কারমূলককর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা, লক্ষ্যমাত্রা অর্জনের পরিকল্পনা, অগ্রগতি ও প্রমাণকের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সিটিজেন চার্টার কমিটির ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস) সভায় অবহিত করেন যে সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ বিষয়ে সংশ্লিষ্ট ডিভিশন, ডিপার্টমেন্ট ও প্রকল্পে আন্তঃবিভাগীয় পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে। এছাড়া, কোম্পানির প্রধান ফটকে এতদসংক্রান্ত একটি রেজিস্টারে সেবাগ্রহীতার প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

১.১১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সকল প্রকার কার্যক্রম/সেবার তথ্য মহাব্যবস্থাপকগণের তত্ত্বাবধানে সংরক্ষণ করার বিষয়ে সভায় দিক-নির্দেশনা প্রদান করেন। এসময়ে তিনি সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের সংশ্লিষ্ট কমিটিসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারিত লক্ষ্যমাত্রা, লক্ষ্যমাত্রা অর্জনের রোড ম্যাপ, অগ্রগতি ও প্রমাণকের বিষয়সমূহ যথাযথভাবে ও যথাসময়ে প্রস্তুতের নির্দেশনা প্রদান করেন।

১.১২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ সকল মহাব্যবস্থাপক ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম-এর সম্মানিত সদস্যগণের উপস্থিতিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজনের ব্যাপারে এপিএ টিম-এর ফোকাল পয়েন্ট সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

**২.০। <u>সিদ্ধান্ত</u>:**সভায় বিস্তারিত আলোচনার পরনিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২.১। ডিভিশন প্রধানগণ কর্তৃক এপিএ চুক্তিরশতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যেসংশ্লিষ্ট কর্মসম্পাদন ক্ষেত্র এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রা, লক্ষ্যমাত্রা অর্জনের পরিকল্পনা, অগ্রগতিও প্রমাণকের বিষয়সমূহ নিবিড়ভাবে মনিটরিং করতে হবে;

২.২। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের সংশ্লিষ্ট কমিটিসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের রোড ম্যাপ প্রস্তুতপূর্বক এপিএ এরআগামী সভায় উপস্থাপন এবং সকল কার্যাদি শতভাগ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে;

২.৩। কর্মসম্পাদন ক্ষেত্র এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের সকল কার্যক্রমসমূহের অর্জন মে ২০২৩ এর মধ্যে সম্পন্ন করতে হবে;

২.৪। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ সকল মহাব্যবস্থাপক ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম-এর সম্মানিত সদস্যগণের উপস্থিতিতে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন করতে হবে;

৩.০।সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণাকরা হয়।

(স্বাক্ষরিত) ২২/০৩/২০২২

(রুখসানা নাজমা ইছহাক)
ব্যবস্থাপনা পরিচালক

**<u>বিতরণ: (জেষ্ঠ্যতারক্রমানুসারেনহে)</u>**

১। সকল মহাব্যবস্থাপক, জিটিসিএল।
২। মহাব্যবস্থাপক (এইচআর) ও আহ্বায়ক, এপিএ টিম,জিটিসিএল।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।
৪। সকল প্রকল্পপরিচালক, জিটিসিএল।
৫। ফোকালপয়েন্ট(এপিএ/এনআইএস/জিআরএস/সিটিজেনচার্টার/ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন ইনোভেশন/আরটিআইকমিটি), জিটিসিএল।

**<u>অনুলিপি:</u>**

১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনাপরিচালকমহোদয়েরদপ্তর, জিটিসিএল।
২। অফিসকপি।

পরিশিষ্ট 'ক'

# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্লট নং-এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
আগারগাঁও, ঢাকা।

**২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির সকল কার্যক্রমের আগস্ট, ২০২২ মাস পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার উপস্থিতির তালিকা:**

তারিখ : ২৭-০৯-২০২২

সময় : ১০:০০ ঘটিকা

স্থান : কোম্পানির কনফারেন্স রুম, লেভেল-৫

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | | |
| ২। | মোঃ তাজুল ইসলাম মজুমদার পরিচালক (অপারেশন) | [signature] 29.9.2022 |
| ৩। | আবু সাঈদ মাহমুদ মহাব্যবস্থাপক ([illegible]) | [signature] 29.9.2022 |
| ৪। | মো: জাকির উদ্দিন মহাব্যবস্থাপক ([illegible]) | [signature] 29/9/2022 |
| ৫। | মোঃ শফিকুল ইসলাম GM (QSA) | [signature] 29-09-2022 |
| ৬। | মোঃ আইনুল কবির, GM (ESD) | [signature] 29-9-2022 |
| ৭। | মিনা রানী রায়, GM (Admin) | [signature] 29/09/2022 |
| ৮। | তপন কুমার সরকার, GM (Accounts) | [signature] 29/09/2022 |
| ৯। | মোঃ সাইফুল ইসলাম মহাব্যঃ ([illegible]) | [signature] 29/9/2022 |
| ১০। | কাজী হাসান মাহমুদ, জেনারেল ম্যানেজার | [signature] 29/9/22 |
| ১১। | মোঃ আব্দুর রাজ্জাক, মহাব্যবস্থাপক (প্রশি:) | [signature] 29/09/2022 |
| ১২। | মো: [illegible] | [signature] 29/9/2022 |
| ১৩। | মোঃ মজিবুর রহমান উপ-মহাব্যঃ ([illegible]) | [signature] 29/9/22 |
| ১৪। | মো: [illegible] রহমান, উপ-মহাব্যবস্থাপক ([illegible]) | [signature] 29/9/2022 |
| ১৫। | | |